দৈনিক ইত্তেফাক

MAR. 20

তারিখ ...
... কলাম ...

## মাষ্টার্স পরীক্ষা পিছানো[illegible]
## দাবীতে স্মারকলিপি পে[illegible]

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢা[illegible] বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের মাষ্ট[illegible] পরীক্ষা পিছানোর দাবীতে শতাধিক ছা[illegible] ছাত্রী গতকাল (সোমবার) ভিসি অধ্যাপ[illegible] একে আজাদ চৌধুরীর নিকট স্মারকলি[illegible] পেশ করিয়াছেন। ইহার পূর্বে ছা[illegible] ছাত্রীরা ক্যাম্পাসে মিছিল-সমাবেশ কর[illegible] অপরাজেয় বাংলার পাদদেশে সমাবে[illegible] বক্তব্য রাখেন বাংলা বিভাগের নজর[illegible] ইসলাম, ইংরেজী বিভাগের হুমায়ুন ক[illegible] প্রমুখ। ছাত্র-ছাত্রীরা জানান, কর্তৃপ[illegible] পরীক্ষার তারিখ ঘোষণা করিলেও এ[illegible] পর্যন্ত আমাদের পাঠ্য সিলেবাস শেষ [illegible] নাই। আমাদের ক্লাস এখনও চলিতেছে[illegible] ভিসি অধ্যাপক একে আজাদ চৌধু[illegible] ছাত্র-ছাত্রীদের এ ব্যাপারে আলোচন[illegible] মাধ্যমে সমাধানের আশ্বাস দে[illegible] আগামী মে মাস হইতে পরীক্ষা শু[illegible] হইবার কথা।